নির্বাচন অগ্রাধিকার
অতি জরুরি

# বাংলাদেশ নির্বাচন কমিশন
## নির্বাচন কমিশন সচিবালয়

নির্বাচন ভবন, আগারগাঁও, ঢাকা
www.ecs.gov.bd

নং-১৭.০০.০০০০.০৩৪.৩৬.০২৬.১৭-৫৫

তারিখঃ ২২ মাঘ ১৪২৪ / ০৪ ফেব্রুয়ারি ২০১৮

## পরিপত্র-১

**বিষয়: দশম জাতীয় সংসদের ২৪৩ ব্রাহ্মণবাড়িয়া-১ ও ২৯ গাইবান্ধা-১ নির্বাচনি এলাকার শূন্য আসনে নির্বাচন অনুষ্ঠানের লক্ষ্যে নির্বাচনি সময়সূচি সম্বলিত গণবিজ্ঞপ্তি জারি, প্রার্থীর যোগ্যতা-অযোগ্যতা, মনোনয়নপত্র দাখিল ও গ্রহণ ইত্যাদি**

উপর্যুক্ত বিষয়ে নির্দেশিত হয়ে জানানো যাচ্ছে যে, গণপ্রতিনিধিত্ব আদেশ, ১৯৭২ এর ১১(১) অনুচ্ছেদের ক্ষমতাবলে ১৬ ডিসেম্বর ২০১৭ তারিখ হতে শূন্য ঘোষিত দশম জাতীয় সংসদের ২৪৩ ব্রাহ্মণবাড়িয়া-১ এবং ১৯ ডিসেম্বর ২০১৭ তারিখ হতে শূন্য ঘোষিত ২৯ গাইবান্ধা-১ নির্বাচনি এলাকা হতে জাতীয় সংসদ সদস্য নির্বাচনের জন্য সংশ্লিষ্ট নির্বাচনি এলাকার ভোটারগণকে আহবান জানিয়ে নির্বাচন অনুষ্ঠানের জন্য নির্বাচন কমিশন **নিম্নবর্ণিত সময়সূচি ঘোষণা করেছেন:**

| | | | | |
|---|---|---|---|---|
| (ক) | রিটার্নিং অফিসার/সহকারি রিটার্নিং অফিসারের নিকট মনোনয়নপত্র দাখিলের শেষ তারিখ | : | ০২ ফাল্গুন ১৪২৪ / ১৪ ফেব্রুয়ারি ২০১৮ | (বুধবার) |
| (খ) | রিটার্নিং অফিসার কর্তৃক মনোনয়নপত্র বাছাইয়ের তারিখ | : | ০৪ ফাল্গুন ১৪২৪ / ১৬ ফেব্রুয়ারি ২০১৮ | (শুক্রবার) |
| (গ) | প্রার্থিতা প্রত্যাহারের শেষ তারিখ | : | ১১ ফাল্গুন ১৪২৪ / ২৩ ফেব্রুয়ারি ২০১৮ | (শুক্রবার) |
| **(ঘ)** | **ভোটগ্রহণের তারিখ** | : | **২৯ ফাল্গুন ১৪২৪ / ১৩ মার্চ ২০১৮** | **(মঙ্গলবার)** |

২। **সময়সূচির প্রজ্ঞাপন:** উল্লিখিত শূন্য আসনের নির্বাচন উপলক্ষে মাননীয় নির্বাচন কমিশন কর্তৃক ঘোষিত সময়সূচির প্রজ্ঞাপন এতদসঙ্গে প্রেরণ করা হল (সংলগ্নী-১)।

৩। **রিটার্নিং অফিসার, সহকারি রিটার্নিং অফিসার নিয়োগের প্রজ্ঞাপন:** শূন্য আসনের নির্বাচন অনুষ্ঠান পরিচালনার জন্য মাননীয় নির্বাচন কমিশন কর্তৃক রিটার্নিং অফিসার ও সহকারি রিটার্নিং অফিসার নিয়োগের প্রজ্ঞাপন এতদসঙ্গে প্রেরণ করা হলো (সংলগ্নী-২)।

৪। উল্লিখিত প্রসঙ্গে স্মর্তব্য যে, আইন অনুসারে রিটার্নিং অফিসারকে তার দায়িত্ব পালনের জন্য সহকারি রিটার্নিং অফিসার সহায়তা করবেন এবং নির্বাচন কমিশনের আদেশ/নির্দেশের আলোকে রিটার্নিং অফিসারের নিয়ন্ত্রণে থেকে ক্ষেত্র বিশেষ সহকারি রিটার্নিং অফিসার রিটার্নিং অফিসারেরও দায়িত্ব পালন করবেন। নির্বাচন পরিচালনার ক্ষেত্রে রিটার্নিং অফিসার আইন ও বিধিমালা অনুসারে নির্বাচন অনুষ্ঠান সুষ্ঠুভাবে পরিচালনার জন্য যেরূপ পদক্ষেপ গ্রহণ ও কার্যাবলি সম্পাদনের প্রয়োজন, তা সম্পাদনের জন্য দায়িত্ববান থাকবেন এবং পালন করবেন।

৫। **রিটার্নিং অফিসার ও সহকারি রিটার্নিং অফিসারের কার্যালয় প্রস্তুতকরণ:** সুষ্ঠুভাবে নির্বাচন পরিচালনার সুবিধার্থে রিটার্নিং অফিসার ও সহকারি রিটার্নিং অফিসার-কে স্ব স্ব কার্যালয়ে সার্বক্ষণিক অবস্থান করে নির্বাচন অনুষ্ঠান সম্পন্ন করতে হবে। সে লক্ষ্যে নিম্নরূপভাবে রিটার্নিং অফিসার ও সহকারি রিটার্নিং অফিসারের কার্যালয় নির্ধারণ করা হল:

| নির্বাচনি এলাকার নাম ও নম্বর | রিটার্নিং অফিসার ও তাঁর কার্যালয় | সহকারি রিটার্নিং অফিসার | সহকারি রিটার্নিং অফিসারদের অধিক্ষেত্র ও তাঁর কার্যালয় |
|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ |
| **২৪৩ ব্রাহ্মণবাড়িয়া-১** | আঞ্চলিক নির্বাচন কর্মকর্তা, কুমিল্লা অঞ্চল, কুমিল্লা<br>কার্যালয়: জেলা নির্বাচন অফিস, ব্রাহ্মণবাড়িয়া | জেলা নির্বাচন অফিসার, ব্রাহ্মণবাড়িয়া | নাসিরনগর উপজেলা<br>কার্যালয়: উপজেলা নির্বাচন অফিস, নাসিরনগর, ব্রাহ্মণবাড়িয়া |
| **২৯ গাইবান্ধা-১** | আঞ্চলিক নির্বাচন কর্মকর্তা, রংপুর অঞ্চল, রংপুর<br>কার্যালয়: জেলা নির্বাচন অফিস, গাইবান্ধা | জেলা নির্বাচন অফিসার, গাইবান্ধা | সুন্দরগঞ্জ উপজেলা<br>কার্যালয়: উপজেলা নির্বাচন অফিস, সুন্দরগঞ্জ,গাইবান্ধা |

৬। **সময়সূচি সংক্রান্ত গণবিজ্ঞপ্তি জারি:** গণপ্রতিনিধিত্ব আদেশ, ১৯৭২ এর অনুচ্ছেদ ১১ এর দফা (২) ও (৩) এর বিধান অনুযায়ী, নির্বাচন কমিশন সংসদ নির্বাচনের সময়সূচি ঘোষণার পর, যথাশীঘ্র সম্ভব, রিটার্নিং অফিসার তার আওতাভুক্ত নির্বাচনি এলাকার জন্য

পৃথক গণবিজ্ঞপ্তি জারি করবেন। উক্ত গণবিজ্ঞপ্তিতে নির্বাচন কমিশন কর্তৃক ঘোষিত সময়সূচির উল্লেখ থাকবে। এতদভিন্ন রিটার্নিং অফিসার/সহকারি রিটার্নিং অফিসারের নিকট মনোনয়নপত্র দাখিলের স্থান (জেলা পর্যায়ে রিটার্নিং অফিসারের কার্যালয় এবং উপজেলা পর্যায়ে সহকারি রিটার্নিং অফিসারের কার্যালয় সুনির্দিষ্টভাবে উল্লেখপূর্বক) ও সময় উল্লেখপূর্বক একই গণবিজ্ঞপ্তির মাধ্যমে মনোনয়নপত্র আহবান করতে হবে। এখানে উল্লেখ্য যে, মনোনয়নপত্র অফিস চলাকালীন সময় অর্থাৎ সকাল ০৯ টা হতে বিকাল ৫ টা পর্যন্ত গ্রহণ করতে হবে। গণবিজ্ঞপ্তির অনুলিপি সংশ্লিষ্ট নির্বাচনি এলাকার দর্শনীয় স্থানসমূহে টাঙ্গিয়ে দিবেন এবং আপনার ও আপনার অধীনস্থ সহকারি রিটার্নিং অফিসারের অফিসে টাঙ্গিয়ে জারি করার ব্যবস্থা গ্রহণ করবেন। গণ-বিজ্ঞপ্তির একটি নমুনা আপনার কাজের সুবিধার্থে এতদ্সঙ্গে প্রেরণ করা হলো (পরিশিষ্ট-ক)।

৭। **সরকারি ও সাপ্তাহিক ছুটির দিনে অফিসে উপস্থিত থেকে কার্যক্রম গ্রহণ:** মনোনয়নপত্র বাছাইয়ের দিন শুক্রবার হলেও প্রচলিত পদ্ধতি অনুযায়ী সকাল ৯.০০ ঘটিকা অথবা রিটার্নিং অফিসার কর্তৃক নির্ধারিত সময় হতে বাছাই সম্পন্ন না হওয়া পর্যন্ত কার্যক্রম অব্যাহত রাখতে হবে। তাছাড়া প্রার্থীতা প্রত্যাহারের শেষ দিনও শুক্রবার হওয়ায় ঐদিন বিকাল ৫.০০ টা পর্যন্ত প্রত্যাহারের আবেদন গ্রহণ করা যাবে। উল্লিখিত বিষয়সমূহ স্থানীয়ভাবে ব্যাপক প্রচারের ব্যবস্থা করতে হবে।

৮। **প্রার্থী হওয়ার যোগ্যতা ও প্রার্থী হওয়ার বা থাকার অযোগ্যতা সম্বলিত বিধানের উদ্ধৃতাংশ প্রেরণ:** জাতীয় সংসদ নির্বাচনে প্রার্থী হওয়ার যোগ্যতা এবং প্রার্থী হওয়ার বা থাকার অযোগ্যতা সম্বলিত বিধানের উদ্ধৃতাংশ এতদসংগে সংযুক্ত করা হল (পরিশিষ্ট-খ)। এখানে বিশেষভাবে উল্লেখ্য যে, জাতীয় সংসদ নির্বাচনে প্রার্থী হওয়ার যোগ্যতা-অযোগ্যতা সংশ্লিষ্ট সংবিধানের ৬৬(১)(২) অনুচ্ছেদ বাংলায় হুবহু দেয়া হয়েছে। গণপ্রতিনিধিত্ব আদেশ, ১৯৭২ এর সংশ্লিষ্ট অনুচ্ছেদ ইংরেজিতে হুবহু দেয়া হয়েছে।

৯। **ভোটার তালিকার সিডি ও মনোনয়নপত্র সংগ্রহ:** আগ্রহী প্রার্থীকে মনোনয়নপত্র গ্রহণের সময় নির্বাচনি এলাকার আওতাধীন পৌরসভার প্রতি ওয়ার্ডের জন্য ৫০০/- (পাঁচশত) টাকা এবং প্রতি ইউনিয়নের জন্য ৫০০/- (পাঁচশত) টাকা হারে ট্রেজারি চালান/পে-অর্ডারের মাধ্যমে টাকা জমা দিয়ে ছবিছাড়া ভোটার তালিকা সিডি রিটার্নিং অফিসার/সহকারি রিটার্নিং অফিসারের নিকট হতে সংগ্রহ করতে হবে। ট্রেজারি চালানের মাধ্যমে সিডি ক্রয়ের অর্থ জমাদানের কোড **"১-০৬০১-০০০১-২৬৩১"।**

১০। **ছবিসহ ও ছবিছাড়া ভোটার তালিকার সিডি ব্যবহার:** জাতীয় সংসদের ২৪৩ ব্রাহ্মণবাড়িয়া-১ ও ২৯ গাইবান্ধা-১ নির্বাচনি এলাকার শূন্য আসনের নির্বাচন সুষ্ঠুভাবে সম্পাদনের লক্ষ্যে ৩১ জানুয়ারি ২০১৮ তারিখে চূড়ান্তভাবে প্রকাশিত ও সর্বশেষ হালনাগাদকৃত ভোটার তালিকার সিডি (ছবিসহ এবং ছবিছাড়া) এ নির্বাচনে ব্যবহার করতে হবে। ভোটার তালিকার (ছবিসহ ও ছবিছাড়া) সিডি জাতীয় পরিচয় নিবন্ধন অনুবিভাগ থেকে সংগ্রহ করতে হবে।

১১। **ছবিসহ ভোটার তালিকার ব্যবহার:** জাতীয় সংসদের ২৪৩ ব্রাহ্মণবাড়িয়া-১ ও ২৯ গাইবান্ধা-১ নির্বাচনি এলাকার শূন্য আসনের নির্বাচনের ব্যবহারের লক্ষ্যে ৩১ জানুয়ারি ২০১৮ তারিখে চূড়ান্তভাবে প্রকাশিত ও সর্বশেষ হালনাগাদকৃত ভোটার তালিকা আর্থিক বিধি-বিধান অনুসরণ করে ০১(এক) সেট ছবিসহ ভোটার তালিকা লেজার প্রিন্টারে মুদ্রণ ও ০২(দুই) সেট ছবিসহ ভোটার তালিকা ফটোকপি করার জন্য সংশ্লিষ্ট রেজিস্ট্রেশন কর্মকর্তাকে নির্দেশনা প্রদান করা হয়েছে।

১২। **মনোনয়নপত্র দাখিল:** গণপ্রজাতন্ত্রী বাংলাদেশের সংবিধানের ৬৬ অনুচ্ছেদ এবং গণপ্রতিনিধিত্ব আদেশ, ১৯৭২ এর ১২ অনুচ্ছেদে বর্ণিত যোগ্য ব্যক্তিগণ ফরম-১ এর মাধ্যমে মনোনয়নপত্র দাখিল করবেন। মনোনয়নপত্রের সাথে সংযুক্ত কাগজপত্র ফরমের নমুনা অনুযায়ী যথাযথভাবে পূরণ করে দাখিল করতে হবে।

১৩। **মনোনয়নপত্র গ্রহণ:** যদি কোন প্রার্থী বা তার প্রস্তাবকারী অথবা তার সমর্থনকারী মনোনয়নপত্র দাখিলের শেষ দিন অথবা উক্ত শেষ দিনের পূর্ববর্তী কোন দিনে আপনার নিকট বা আপনার অধীনস্থ সহকারি রিটার্নিং অফিসারের নিকট মনোনয়নপত্র দাখিল করতে আসেন, তাহলে গণপ্রতিনিধিত্ব আদেশ, ১৯৭২ এর অনুচ্ছেদ ১১ এর দফা (১)(এ) এবং অনুচ্ছেদ ১২ এর দফা (৩) অনুযায়ী আপনি তা গ্রহণ করবেন এবং আপনার সহকারি রিটার্নিং অফিসারকেও গ্রহণ করার জন্য নির্দেশ প্রদান করবেন। মনোনয়নপত্র গ্রহণ করার সময় মনোনয়নপত্রের নির্ধারিত স্থানে ক্রমিক নম্বর প্রদান করতে হবে। এ লক্ষ্যে রিটার্নিং অফিসারের কার্যালয়ে গৃহীত মনোনয়নপত্রের ক্রমিক নম্বরের পূর্বে **রিঅ**- এবং সহকারি রিটার্নিং অফিসারের কার্যালয়ে গৃহীত মনোনয়নপত্রের ক্রমিক নম্বরের পূর্বে **সরিঅ**- প্রদান করলে সহজেই চিহ্নিত করা যাবে। একজন প্রার্থী একাধিক মনোনয়নপত্র এক স্থানে জমা দিলে সেক্ষেত্রে প্রথমে একটি পূর্ণ নম্বর প্রদান করে অন্যান্য কপিতে বন্ধনীতে (ক), (খ) অথবা (১), (২) ইত্যাদি প্রদান করা যেতে পারে।

১৪। **প্রস্তাবকারী-সমর্থনকারীদের যোগ্যতা ও করণীয়:** গণপ্রতিনিধিত্ব আদেশ, ১৯৭২ এর ১২ অনুচ্ছেদের (১) দফা অনুযায়ী কোন নির্বাচনি এলাকার যেকোন ভোটার উক্ত এলাকার সংসদ সদস্য নির্বাচনের জন্য সংবিধানের ৬৬ অনুচ্ছেদের যোগ্যতাসম্পন্ন যেকোন ব্যক্তির নাম প্রস্তাব বা সমর্থন করতে পারবেন। আদেশের ১২ অনুচ্ছেদের (২) দফা অনুসারে নির্ধারিত মনোনয়নপত্র (ফরম-১) এ প্রত্যেক প্রস্তাব পৃথক পৃথক মনোনয়নপত্রের মাধ্যমে করতে হবে। প্রতিটি মনোনয়নপত্র প্রস্তাবকারী ও সমর্থনকারী কর্তৃক স্বাক্ষরিত হতে হবে এবং তাতে নিম্নবর্ণিত বিষয়সমূহের উল্লেখ থাকতে হবে, যথাঃ-

(ক) প্রার্থী কর্তৃক স্বাক্ষরিত এই মর্মে একটি ঘোষণা যে, তিনি মনোনয়নে সম্মতি প্রদান করেছেন এবং তার সদস্য নির্বাচিত হবার বা সদস্য থাকার বিপক্ষে কোন অযোগ্যতা নাই;

(খ) প্রস্তাবকারী ও সমর্থনকারী কর্তৃক এই মর্মে একটি ঘোষণা যে, তাদের কেউ প্রস্তাবকারী বা সমর্থনকারী হিসাবে অন্য কোন মনোনয়নপত্রে স্বাক্ষর দান করেন নাই।

১৫। **জামানত:** আদেশের ১৩ অনুচ্ছেদ অনুসারে মনোনয়নপত্র দাখিলের সময় প্রার্থী স্বয়ং কিংবা প্রার্থীর পক্ষে বিধিতে বর্ণিত ব্যক্তিদের মাধ্যমে জামানত হিসেবে নগদ বা ব্যাংক ড্রাফট বা পে-অর্ডার বা ট্রেজারি চালানের মাধ্যমে **২০,০০০/-** (বিশ হাজার) টাকা মনোনয়নপত্রের সাথে রিটার্নিং অফিসার/সহকারি রিটার্নিং অফিসারের নিকট জমা দিতে হবে।

১৬। **জামানতের অর্থ জমা দেয়ার কোড:** জামানত বাংলাদেশ ব্যাংকের যে কোন শাখায় অথবা যে কোন ব্যাংক অথবা সরকারি ট্রেজারি অথবা সাব-ট্রেজারিতে **১/০৬০১/০০০১/৮৪৭৩** নম্বর কোডে জমা দিতে হবে। সংশ্লিষ্ট নির্বাচনি এলাকায় প্রার্থীর অনুকূলে একাধিক মনোনয়নপত্র দাখিল হলে সে প্রার্থীর অনুকূলে শুধু একটি মাত্র জামানত প্রদান করতে হবে। অন্য মনোনয়নপত্রের সাথে চালান/রসিদ এর সত্যায়িত অনুলিপি প্রদান করতে হবে। নগদ হিসাবে প্রাপ্ত জামানতের টাকা রিটার্নিং অফিসার অথবা সহকারি রিটার্নিং অফিসার ফরম-৩ এ নির্ধারিত রসিদের মাধ্যমে গ্রহণ করবেন এবং নগদে অথবা ব্যাংক রসিদ অথবা ট্রেজারি চালান মারফত প্রাপ্ত জামানতের হিসাব বিবরণী রিটার্নিং অফিসারকে ফরম-২ এ নির্ধারিত রেজিস্টারে সন্নিবেশিত করতে হবে। তাছাড়া রিটার্নিং অফিসারকে নগদে প্রাপ্ত অর্থ উল্লিখিত কোড নম্বরে সরকারি খাতে জমা দিতে হবে। এখানে উল্লেখ্য যে, জামানত বাবদ **২০,০০০/-** (বিশ হাজার) টাকা ব্যতীত মনোনয়নপত্র দাখিলকারী/প্রার্থীর নিকট হতে অন্য কোন রকমভাবে অতিরিক্ত কোন অর্থ আদায় করা যাবে না।

১৭। **মনোনয়নপত্র প্রাপ্তির সময় লিপিবদ্ধকরণ এবং প্রাপ্তি রসিদ প্রদানসহ বাছাইয়ের তারিখ অবহিতকরণ:** রিটার্নিং অফিসার প্রাপ্ত প্রত্যেক মনোনয়নপত্রে ক্রমিক নম্বর দিবেন, মনোনয়নপত্রে দাখিলকারীর নাম, মনোনয়নপত্র প্রাপ্তির তারিখ ও সময় লিপিবদ্ধ করবেন এবং রিটার্নিং অফিসার কখন, কোন তারিখে ও কোথায় মনোনয়নপত্র বাছাই করবেন তা সংশ্লিষ্ট মনোনয়নপত্র দাখিলকারীকে অবহিত করবেন ও মনোনয়নপত্র প্রাপ্তির রসিদ মনোনয়নপত্র দাখিলকারীর নিকট হস্তান্তর করবেন। উল্লেখ্য যে, প্রাপ্তি রসিদটি মনোনয়নপত্রের সংগে সংযোজিত আছে। সহকারি রিটার্নিং অফিসারের নিকট যে মনোনয়নপত্র দাখিল হবে সেক্ষেত্রেও সহকারি রিটার্নিং অফিসার অনুরূপভাবে প্রত্যেক মনোনয়নপত্রে ক্রমিক নম্বর দিবেন, মনোনয়নপত্রে মনোনয়নপত্র দাখিলকারীর নাম, মনোনয়নপত্র প্রাপ্তির তারিখ ও সময় লিপিবদ্ধ করে মনোনয়নপত্র প্রাপ্তি রসিদ মনোনয়নপত্র দাখিলকারীর নিকট হস্তান্তর করবেন। মনোনয়নপত্র দাখিলকারীকে রিটার্নিং অফিসার, কখন, কোন তারিখে এবং কোথায় মনোনয়নপত্র বাছাই করবেন তাও জানিয়ে দিবেন। তাছাড়া, সংশ্লিষ্ট সহকারি রিটার্নিং অফিসার তার নিকট দাখিলকৃত মনোনয়নপত্রসমূহ মনোনয়নপত্র দাখিলের সময়-সীমা আগামী ১৪ ফেব্রুয়ারি ২০১৮ তারিখ বিকাল ৫.০০ ঘটিকা উত্তীর্ণ হওয়ার পর ঐ দিনই সতর্কতার সাথে রিটার্নিং অফিসারের নিকট প্রেরণ করবেন।

১৮। **মনোনয়নপত্র গ্রহণ বা বাতিল আদেশের বিরুদ্ধে আপিল:** গণপ্রতিনিধিত্ব আদেশ-এর ১৪ অনুচ্ছেদের (৫) দফা অনুসারে মনোনয়নপত্র বাছাইঅন্তে রিটার্নিং অফিসার কর্তৃক প্রদত্ত যে কোন সিদ্ধান্তে কোন প্রার্থী বা কোন ব্যাংক সংক্ষুব্ধ হলে মনোনয়নপত্র বাছাইয়ের পরবর্তী ৩(তিন) দিনের মধ্যে অর্থাৎ ১৭ ফেব্রুয়ারি ২০১৮ হতে ১৯ ফেব্রুয়ারি ২০১৮ তারিখের মধ্যে আপিল দায়ের করতে পারবেন। দায়েরকৃত আপীল আবেদনসমূহ ২০ ফেব্রুয়ারি ২০১৮ হতে ২২ ফেব্রুয়ারি ২০১৮ তারিখের মধ্যে নিষ্পন্ন করা হবে। উল্লেখ্য যে, আপিল দায়েরের নির্ধারিত তারিখে সকাল ৯.০০ ঘটিকা হতে বিকাল ৫.০০ ঘটিকা সময়ের মধ্যে আপিল দায়ের করা যাবে।

১৯। **দশম জাতীয় সংসদ নির্বাচন উপলক্ষে জারিকৃত নির্দেশনার আলোকে ব্যবস্থা গ্রহণ:** দশম জাতীয় সংসদ নির্বাচন উপলক্ষে নির্বাচন পরিচালনার লক্ষ্যে নির্বাচন কমিশন হতে বিভিন্ন পরিপত্র ও পত্রের নির্দেশনা জারি করা হয়েছে। তাছাড়া জাতীয় সংসদ নির্বাচন পরিচালনা ম্যানুয়েলে এবং পরবর্তীতে তা সংশোধনী ও স্পষ্টীকরণের মাধ্যমে বিভিন্ন নির্দেশনা দেয়া হয়েছে। নির্ধারিত সময়সূচির সাথে সঙ্গতি রেখে ও বিভিন্ন সময়সীমার সাথে সমন্বয়পূর্বক উল্লিখিত শূন্য আসনের নির্বাচন সংশ্লিষ্ট সকল কার্যক্রম জারিকৃত নির্দেশনা অনুসারে সম্পন্ন করতে হবে।

সংলগ্নীঃ বর্ণনা মোতাবেক

৪/২/২০১৮

(ফরহাদ আহাম্মদ খান)
যুগ্মসচিব (চলতি দায়িত্ব)
নির্বাচন পরিচালনা-২ অধিশাখা
ফোন: ৫৫০০৭৫২৫ (অফিস)
০১৭১৫০০০৭৪৯ (মোবাইল)
E-mail: forhadakecs2015@gmail.com

১। আঞ্চলিক নির্বাচন কর্মকর্তা
কুমিল্লা অঞ্চল, কুমিল্লা ও রিটার্নিং অফিসার

২। আঞ্চলিক নির্বাচন কর্মকর্তা
রংপুর অঞ্চল, রংপুর ও রিটার্নিং অফিসার

নং-১৭.০০.০০০০.০৩৪.৩৬.০২৬.১৭-৫৫

তারিখঃ ২২ মাঘ ১৪২৪
০৪ ফেব্রুয়ারি ২০১৮

অনুলিপি অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হইল (জ্যেষ্ঠতার ভিত্তিতে নহে):

১. মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়/মুখ্য সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়, তেজগাঁও, ঢাকা
২. সিনিয়র সচিব, জনপ্রশাসন মন্ত্রণালয়/আর্থিক প্রতিষ্ঠান বিভাগ,অর্থ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
৩. মহাপুলিশ পরিদর্শক, বাংলাদেশ, পুলিশ হেডকোয়ার্টার্স, ঢাকা
৪. সচিব, জনবিভাগ, রাষ্ট্রপতির কার্যালয়, বঙ্গভবন, ঢাকা
৫. সচিব/ভারপ্রাপ্ত সচিব, স্থানীয় সরকার বিভাগ, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়/ জননিরাপত্তা বিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রণালয়/ সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ, সড়ক পরিবহন ও সেতু মন্ত্রণালয়/তথ্য মন্ত্রণালয়/ মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ এবং কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়/অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়/ নৌ-পরিবহণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
৬. মহাপরিচালক, বিজিবি/আনসার ও ভিডিপি/র‍্যাপিড এ্যাকশন ব্যাটালিয়ন (র‍্যাব), ঢাকা
৭. অতিরিক্ত সচিব, নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা
৮. বিভাগীয় কমিশনার, ........................ (সংশ্লিষ্ট)
৯. উপমহাপুলিশ পরিদর্শক, ........................ (সংশ্লিষ্ট রেঞ্জ)
১০. যুগ্মসচিব (সকল), নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা
১১. মহাপরিচালক, জাতীয় পরিচয় নিবন্ধন অনুবিভাগ, নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা
১২. মহাপরিচালক, নির্বাচনি প্রশিক্ষণ ইনস্টিটিউট, ঢাকা
১৩. সিস্টেম ম্যানেজার, নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা [নির্বাচন কমিশন সচিবালয়ের ওয়েব সাইটে প্রকাশের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের অনুরোধসহ]
১৪. জেলা প্রশাসক, ব্রাহ্মণবাড়িয়া/গাইবান্ধা
১৫. পুলিশ সুপার, ব্রাহ্মণবাড়িয়া/গাইবান্ধা
১৬. উপসচিব (সকল), নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা
১৭. পরিচালক (জনসংযোগ), নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা [এ বিষয়ে একটি সংবাদ বিজ্ঞপ্তি জারি করিবার অনুরোধসহ]
১৮. জেলা নির্বাচন কর্মকর্তা, ......................... (সংশ্লিষ্ট) ও সহকারি রিটার্নিং অফিসার
১৯. জেলা কমান্ড্যান্ট, আনসার ও ভিডিপি, ব্রাহ্মণবাড়িয়া/গাইবান্ধা
২০. উপজেলা নির্বাহী অফিসার, ......................... (সংশ্লিষ্ট)
২১. জেলা তথ্য অফিসার, ব্রাহ্মণবাড়িয়া/গাইবান্ধা
২২. একান্ত সচিব, মাননীয় প্রধান নির্বাচন কমিশনার, নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা (মাননীয় প্রধান নির্বাচন কমিশনারের সদয় অবগতির জন্য)
২৩. একান্ত সচিব, মাননীয় নির্বাচন কমিশনার জনাব ................................................, নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা (মাননীয় নির্বাচন কমিশনারের সদয় অবগতির জন্য)
২৪. সচিব মহোদয়ের একান্ত সচিব, নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা (সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)
২৫. সিনিয়র সহকারি সচিব/সহকারি সচিব (জনবল ব্যবস্থাপনা-১/বাজেট ও অর্থ/নির্বাচন প্রশাসন/নির্বাচন সহায়তা-১ ও ২/ ক্রয় ও মুদ্রণ শাখা), নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা
২৬. উপজেলা নির্বাচন অফিসার, ......................... (সংশ্লিষ্ট)
২৭. ভারপ্রাপ্ত কর্মকর্তা, ......................... (সংশ্লিষ্ট) থানা

**(মোঃ রাজীব আহসান )**
সহকারি সচিব
নির্বাচন ব্যবস্থাপনা ও সমন্বয় শাখা-১
ফোন ও ফ্যাক্স: ০২-৫৫০০৭৫৫৮
মোবাইল: ০১৫৫০০৪২০৪১
E-mail: rajib_as_ecs@yahoo.com

**পরিশিষ্ট-ক**

# রিটার্নিং অফিসারের কার্যালয়

## গণ-বিজ্ঞপ্তি

গণপ্রতিনিধিত্ব আদেশ, ১৯৭২ এর ১১ অনুচ্ছেদের (২) দফা অনুসারে আমি ..........................................

..................................................................................................................................
**(নাম ও পদবি)**

ও রিটার্নিং অফিসার এতদ্দ্বারা সর্ব সাধারণের অবগতির জন্য জানাইতেছি যে, ............................ নির্বাচনি এলাকা হইতে জাতীয় সংসদের শূন্য আসন পূরণ করিবার উদ্দেশ্যে নির্বাচন কমিশন ২২ মাঘ ১৪২৪/ ০৪ ফেব্রুয়ারি ২০১৮ তারিখে প্রজ্ঞাপনের মাধ্যমে ............................নির্বাচনি এলাকার ভোটারগণকে উক্ত নির্বাচনি এলাকা হইতে একজন জাতীয় সংসদ সদস্য নির্বাচনের জন্য নিম্নলিখিত সময়সূচি ঘোষণা করিয়াছেনঃ

| | | | | |
|---|---|---|---|---|
| (ক) | রিটার্নিং অফিসার/সহকারি রিটার্নিং অফিসারের নিকট মনোনয়নপত্র দাখিলের শেষ তারিখ | : | ০২ ফাল্গুন ১৪২৪<br>১৪ ফেব্রুয়ারি ২০১৮ | (বুধবার) |
| (খ) | রিটার্নিং অফিসার কর্তৃক মনোনয়নপত্র বাছাইয়ের তারিখ | : | ০৪ ফাল্গুন ১৪২৪<br>১৬ ফেব্রুয়ারি ২০১৮ | (শুক্রবার) |
| (গ) | প্রার্থিতা প্রত্যাহারের শেষ তারিখ | : | ১১ ফাল্গুন ১৪২৪<br>২৩ ফেব্রুয়ারি ২০১৮ | (শুক্রবার) |
| **(ঘ)** | **ভোটগ্রহণের তারিখ** | : | **২৯ ফাল্গুন ১৪২৪**<br>**১৩ মার্চ ২০১৮** | **(মঙ্গলবার)** |

২। পূর্বোল্লিখিত আদেশের ১১ অনুচ্ছেদের (৩) দফা অনুসারে ............................নির্বাচনি এলাকার সকল বাসিন্দাদের জ্ঞাতার্থে আমি আরও জানাইতেছি যে, আগামী ০২ ফাল্গুন ১৪২৪/১৪ ফেব্রুয়ারি ২০১৮ তারিখ অথবা উক্ত দিনের পূর্ববর্তী কোন দিনে সকাল ০৯.০০ ঘটিকা হইতে বিকাল ০৫.০০ ঘটিকা পর্যন্ত উল্লিখিত নির্বাচনি এলাকা হইতে সংসদ নির্বাচনে অংশগ্রহণ করিবার জন্য ইচ্ছুক প্রার্থীদের নিকট হইতে আমার কার্যালয়..............................................................এ
**(কার্যালয়ের নাম ও ঠিকানা)**
এবং সহকারি রিটার্নিং অফিসারের কার্যালয় ..................................................................................এ মনোনয়নপত্র
**(কার্যালয়ের নাম ও ঠিকানা)**
গৃহীত হইবে।

৩। উল্লেখ্য যে, প্রার্থীতা প্রত্যাহারের শেষ তারিখ ২৩ ফেব্রুয়ারি ২০১৮ শুক্রবার হওয়ায় ঐ দিন বিকাল ৫.০০ ঘটিকা পর্যন্ত প্রত্যাহারের আবেদন গ্রহণ করা হইবে।

তারিখ: [ ][ ] দিন [ ][ ] মাস [২][০][১][৮] বৎসর

রিটার্নিং অফিসারের নাম, পদবি ও স্বাক্ষর

**নির্বাচনি এলাকার নম্বর ও নাম** [ ]

**পরিশিষ্ট-খ**

## জাতীয় সংসদ সদস্য নির্বাচনে প্রার্থী হওয়ার যোগ্যতা ও অযোগ্যতা সংক্রান্ত বিধান

**১। গণপ্রজাতন্ত্রী বাংলাদেশের সংবিধানের ৬৬ অনুচ্ছেদের দফা (১) ও (২) এ নিম্নরূপ বিধান রয়েছে-**

৬৬। (১) কোন ব্যক্তি বাংলাদেশের নাগরিক হইলে এবং তাঁহার বয়স পঁচিশ বৎসর পূর্ণ হইলে এই অনুচ্ছেদের (২) দফায় বর্ণিত বিধান-সাপেক্ষে তিনি সংসদের সদস্য নির্বাচিত হইবার এবং সংসদ-সদস্য থাকিবার যোগ্য হইবেন।

(২) কোন ব্যক্তি সংসদের সদস্য নির্বাচিত হইবার এবং সংসদ-সদস্য থাকিবার যোগ্য হইবেন না, যদি

(ক) কোন উপযুক্ত আদালত তাঁহাকে অপ্রকৃতিস্থ বলিয়া ঘোষণা করেন;

(খ) তিনি দেউলিয়া ঘোষিত হইবার পর দায় হইতে অব্যাহতি লাভ না করিয়া থাকেন;

(গ) তিনি কোন বিদেশী রাষ্ট্রের নাগরিকত্ব অর্জন করেন কিংবা কোন বিদেশী রাষ্ট্রের প্রতি আনুগত্য ঘোষণা বা স্বীকার করেন;

(ঘ) তিনি নৈতিক স্খলনজনিত কোন ফৌজদারী অপরাধে দোষী সাব্যস্ত হইয়া অন্যূন দুই বৎসরের কারাদণ্ডে দণ্ডিত হন এবং তাঁহার মুক্তিলাভের পর পাঁচ বৎসরকাল অতিবাহিত না হইয়া থাকে;

[১][ ***]

[২][ (ঙ) তিনি ১৯৭২ সালের বাংলাদেশ যোগসাজশকারী (বিশেষ ট্রাইব্যুনাল) আদেশের অধীন যে কোন অপরাধের জন্য দণ্ডিত হইয়া থাকেন;

(চ) আইনের দ্বারা পদাধিকারীকে অযোগ্য ঘোষণা করিতেছে না, এমন পদ ব্যতীত তিনি প্রজাতন্ত্রের কর্মে কোন লাভজনক পদে অধিষ্ঠিত থাকেন; অথবা]

(ছ) তিনি কোন আইনের দ্বারা বা অধীন অনুরূপ নির্বাচনের জন্য অযোগ্য হন।

[৩][ (২ক) এই অনুচ্ছেদের (২) দফার (গ) উপ-দফা তে যাহা কিছুই থাকুক না কেন, কোন ব্যক্তি জন্মসূত্রে বাংলাদেশের নাগরিক হইয়া কোন বিদেশী রাষ্ট্রের নাগরিকত্ব অর্জন করিলে এবং পরবর্তীতে উক্ত ব্যক্তি-

(ক) দ্বৈত নাগরিকত্ব গ্রহণের ক্ষেত্রে, বিদেশী রাষ্ট্রের নাগরিকত্ব ত্যাগ করিলে; কিংবা

(খ) অন্য ক্ষেত্রে, পুনরায় বাংলাদেশের নাগরিকত্ব গ্রহণ করিলে-

এই অনুচ্ছেদের উদ্দেশ্য সাধনকল্পে তিনি বিদেশী রাষ্ট্রের নাগরিকত্ব অর্জন করিয়াছেন বলিয়া গণ্য হইবেন না।]

---

১ সংবিধান (পঞ্চদশ সংশোধন) আইন, ২০১১ (২০১১ সনের ১৪ নং আইন)-এর ২৪ (ক) ধারাবলে (ঘঘ) উপ-দফা বিলুপ্ত।

২ সংবিধান (পঞ্চদশ সংশোধন) আইন, ২০১১ (২০১১ সনের ১৪ নং আইন)-এর ২৪ (খ) ধারাবলে ঙ ও (চ) উপ-দফা সন্নিবেশিত।

৩ সংবিধান (পঞ্চদশ সংশোধন) আইন, ২০১১ (২০১১ সনের ১৪ নং আইন)-এর ২৪ (গ) ধারাবলে (২ক) দফার পরিবর্তে প্রতিস্থাপিত।

**২। গণপ্রতিনিধিত্ব আদেশ, ১৯৭২ এর ১২(১) অনুচ্ছেদে নিম্নরূপ বিধান রয়েছে-**

12. [1][ (1) Any elector of a constituency may propose or second for election to that constituency, the name of any person qualified to be a member under clause (1) of Article 66 of the Constitution:

Provided that a person shall be disqualified for election as or for being, a member, if he-

(a) is not listed in the electoral roll of any constituency;

(b) is not nominated by any registered political party or is not an independent candidate;

(c) is a person holding any office of profit in the service of the Republic or of a statutory public authority;

(d) is a person who is convicted of an offence punishable under Article 73, 74, 78, 79, 80, 81, 82, 83, 84 and 86 and sentenced to imprisonment for a term of not less than two years, unless a period of five years has elapsed since the date of his release;

(e) is a person whose election to a seat is declared void on any of the grounds mentioned in sub-clauses (c), (d) and (e) of clause (1) of Article 63, unless a period of five years has elapsed since the date of such declaration;

(f) has resigned or retired from the service of the Republic or of any statutory public authority or of the defence service, unless a period of three years has elapsed since the date of his resignation or retirement;

(g) has been dismissed or removed or compulsorily retired from the service of the Republic or of any statutory public authority on the ground of corruption, unless a period of five years has elapsed since the date of such dismissal, removal or compulsory retirement;

(h) has been appointed on contract to the service of the Republic or of any statutory public authority or of the defense service immediately after his retirement from such service, unless a period of three years has elapsed since the expiry or termination of such contract;

(i) is holding or has resigned or retired or has been discharged from an executive post of any non-government organization, which receives grant or fund from any foreign state or organization, unless a period of three years has elapsed since such resignation retirement, or discharge;

[2][ ***]

(k) whether by himself or by any person or body of persons in trust for him or for his benefit or on his account or as a member of a Hindu undivided family, has any share or interest in a contract, not been a contract between a co-operative society and Government, for the supply of goods to, or for the execution of any contract or the performance of any services undertaken by Government;

(l) being a loanee, other than a loanee who has taken small loan for agricultural purposes, has defaulted in repaying before seven days from the day of submission of nomination paper any loan or installment thereof taken by him from a bank;

(m) is a director of a company or a partner of a firm [3][ which] has defaulted in repaying before seven days from the day of submission of nomination paper any loan or any installment thereof taken by [4][ the concerned company or firm] from a bank;

(n) personally has failed to pay the telephone, gas, electricity, water or any other bill of any service providing organization of the Government before seven days from the day of submission of nomination paper;

[5][ (o) has been convicted of any crime under the International Crimes (Tribunals) Act, 1973 ( Act No. XIX of 1973).]

**Explanation** I.- "office of profit" means holding any office, post or position in the full-time service of the Republic or any statutory public authority or company in which government has more than 50% (fifty



a/

percent) share.

**Explanation** II.- The disqualification under sub-clause (k) shall not apply to a person

(i) where the share or interest in the contract devolves on him by inheritance or succession or as a legatee, executor or administrator, until the expiration of six months after it has so devolved on him or such longer period as the president may, in any particular case allow; or

(ii) where the contract has been entered into by or on behalf of a public company as defined in the Companies Act, 1994 (Act No.XVIII of 1994), of which he is a share-holder but is neither a director holding an office of profit under the company nor a managing agent; or

(iii) where he is a member of Hindu undivided family and the contract has been entered into by any other member of that family in the course of carrying on a separate business in which he has no share or interest.

**Explanation** III.- "bank" means-

(a) any "bank company" as defined in Bank Company Act, 1991 (Act No.XIV of 1991);

[6][ (b) Bangladesh Development Bank Limited incorporated under the Companies Act, 1994 (Act No. 18 of 1994);]

[7][ ***]

(d) "Bangladesh House Building Finance Corporation" established under Bangladesh House Building Finance Corporation Order, 1973 (P.O.No.17 of 1973);

(e) "Bangladesh Krishi Bank" established under Bangladesh Krishi Bank Order, 1973 (P.O.No. 27 of 1973);

(f) "Investment Corporation of Bangladesh" established under Investment Corporation of Bangladesh Ordinance, 1976 (Ord. No.XI of 1976);

(g) "Rajshahi Krishi Unnayan Bank" established under Rajshahi Krishi Unnayan Bank Ordinance, 1986 (Ord. No.LVIII of 1986);

(h) "Basic Bank Limited" (Bangladesh Small Industries and Commerce Bank Limited) established under Companies Act, 1994 (Act No.XVIII of 1994).

**Explanation** IV.- "small loan for agricultural purposes" means all crops loan excepting tea and tobacco and includes short-term loan for development of fishery and marketing of agricultural produce and long-term loan for irrigation equipment, animal husbandry, development of fishery, agricultural equipment, nursery and horticulture, betel-leaf plantation, management of Jalmahal and for the purpose of producing silk worm, tuth tree, lakhkha tree, catechu tree, etc. the amount of which shall not exceed taka one lakh aggregating with interest and capital against every loan.

**Explanation** V.- A person or a company or a firm shall be deemed to have defaulted in repaying a loan or an installment thereof referred to in sub-clauses (l) and (m) of Article 12(1) if he or it is a defaulter within the meaning of the expression 'defaulter loanee' as defined in Bank-Company Act, 1991(Act 14 of 1991) and for financial institution, as defined by Bangladesh Bank under Financial Institution Act, 1993 (Act No. 27 of 1993). The list of defaulter may be obtained from CIB of Bangladesh Bank or from the concerned bank or financial institution.

**Explanation** VI.- "financial institution" means a non-banking financial institution as defined in Financial Institution Act, 1993 (Act No. 27 of 1993).

**Explanation** VII.- 'chief executive' referred to in sub-clause (i) of Article 12(1) means a person holding full time post of a chief executive of any non-government organization who receives monthly salary and other emoluments in that capacity.]

(2) Every proposal shall be made by a separate nomination paper in the prescribed form which shall be signed by the proposer and the seconder and shall contain-

(a) a declaration signed by the candidate that he has consented to the nomination and that he is not subject to any disqualification for being, or being elected as, a member; [8][ ***]

(b) a declaration signed by the proposer and the neither of them has subscribed to any other nomination paper either as proposer or seconder [9][ ; and]

[10][ (c) a declaration signed by the candidate that he is not a candidate for more than three constituencies.]

(3) Every nomination paper shall be delivered by the candidate, or his proposer or seconder, to the Returning Officer [11][ or the Assistant Returning Officer] who shall acknowledge the receipt of the nomination paper specifying the date and time of receipt.

[12][ (3a) Every nomination paper under clause (2) shall be delivered along with the following documents, namely-

(a) in the case of an independent candidate, a list of signatures of one percent electors of the concerned constituency:

Provided that such list need not to be delivered if the independent candidate has previously been elected in any parliamentary election;

(b) a certificate signed by the chairman or secretary or a person holding the same rank on behalf of the registered political party stating that the candidate has been nominated by that party:

[13][ Provided that any registered political party may primarily nominate more than one candidate and if more than one candidate are nominated, their candidature are subject to the provision of clause (2) of Article 16.]

(3b) Every nomination paper under clause (2) shall be delivered along with an affidavit signed by the candidate which shall include the following information and particulars, namely-

(a) an attested copy of the certificate of his highest educational qualification;

(b) whether at present he is accused of any criminal offence or not;

(c) whether he has any past criminal record, and, if any, the judgment of the case;

(d) description of his profession or business;

(e) probable sources of his income;

(f) a statement of property or debt of his own or his dependents;

(g) what promises he made before an election in which he was elected as a member in the past, and how many of those promises were fulfilled; and

(h) the amount of loan received by him alone, or jointly or by his dependents from any bank or financial institution, and the amount of loan received by him from any bank or financial institution as a Chairman, Managing Director or Director thereof.

**Explanation**.- "dependent" means the wife or husband of a candidate and includes son, daughter, father, mother, brother or sister of the candidate who are fully dependent upon him.]

(4) A person may be nominated in the same constituency by more than one nomination paper [14][ , and a nomination paper may be delivered to both the Returning Officer and the Assistant Returning Officer.]

(5) If any person subscribes to more than one nomination paper, all such nomination papers, [15][ except the one found valid under clause (3a) of Article 14], shall be void.

(6) The Returning Officer shall give a serial number to every nomination paper and endorse thereon the name of the person presenting it, and the date and time of its receipt, and inform such person of the time and place at which he shall hold scrutiny.

[16][ (6a) The Assistant Returning Officer shall give a serial number to every nomination paper and endorse thereon the name of the person presenting it, and the date and time of its receipt, and inform such person of the time and place at which the Returning Officer shall hold scrutiny, and immediately after the time for receiving nomination paper is over, forward all the nomination papers received by him to the Returning Officer.]

(7) The Returning Officer shall cause to be affixed at some conspicuous place in his office a notice of every nomination paper received by him [17][ or received by the Assistant Returning Officer and forwarded to him under clause (6a)] containing particulars of the candidate and the names of the proposer and seconder as shown in the nomination paper.

---

[1] Clause (1) was substituted by section 6 of Representation of the People Order (Amendment) Act, 2009 (Act. No. XIII of 2009) (with effect from 19th August, 2008).
[2] Sub-clause (j) was omitted by section 5(a)(i) of the Representation of the People (Amendment) Act, 2013 (Act No. LI of 2013).
[3] The word "which" was substituted for the word "who" by section 5(a)(ii) of the Representation of the People (Amendment) Act, 2013 (Act No. LI of 2013).
[4] The words "the concerned company or firm" were substituted for the word "him" by section 5(a)(ii) of the Representation of the People (Amendment) Act, 2013 (Act No. LI of 2013).
[5] Sub-clause (o) was substituted by section 5(a)(iii) of the Representation of the People (Amendment) Act, 2013 (Act No. LI of 2013).
[6] Clause (b) was substituted by section 5(a)(iv)(1) of the Representation of the People (Amendment) Act, 2013 (Act No. LI of 2013).
[7] Clause (c) was omitted by section 5(a)(iv)(2) of the Representation of the People (Amendment) Act, 2013 (Act No. LI of 2013).
[8] The word "and" at the end of sub-clause (a) was omitted by section 6(b) of Representation of the People Order (Amendment) Act, 2009 (Act. No. XIII of 2009) (with effect from 19th August, 2008).
[9] The semi-colon (;) and the word "and" were substituted for the full stop (.) at the end of sub-clause (b) by section 6(b) of Representation of the People Order (Amendment) Act, 2009 (Act. No. XIII of 2009) (with effect from 19th August, 2008).
[10] Sub-clause (c) was inserted by section 6(b) of Representation of the People Order (Amendment) Act, 2009 (Act. No. XIII of 2009) (with effect from 19th August, 2008).
[11] The words "or the Assistant Returning Officer" were inserted by section 3 of the Representation of the People (Second Amendment) Ordinance, 1986 (Ordinance No. XVII of 1986)
[12] Clauses (3a) and (3b) were inserted by section 6(c) of Representation of the People Order (Amendment) Act, 2009 (Act. No. XIII of 2009).
[13] Proviso was substituted by section 5(b) of the Representation of the People (Amendment) Act, 2013 (Act No. LI of 2013).
[14] The comma and words ", and a nomination paper may be delivered to both the Returning Officer and the Assistant Returning Officer" were inserted by section 3 of the Representation of the People (Second Amendment) Ordinance, 1986 (Ordinance No. XVII of 1986)
[15] The words, bracket and numbers "except the one found valid under clause (3a) of Article 14" were substituted for the words and comma "except the one received first by the Returning Officer or the Assistant Returning Officer, as the case may be" by section 5(c) of the Representation of the People (Amendment) Act, 2013 (Act No. LI of 2013).
[16] Clause (6a) was inserted by section 3 of the Representation of the People (Second Amendment) Ordinance, 1986 (Ordinance No. XVII of 1986)
[17] The words, brackets and letter "or received by the Assistant Returning Officer and forwarded to him under clause (6a)" were inserted by section 3 of the Representation of the People (Second Amendment) Ordinance, 1986 (Ordinance No. XVII of 1986)

নির্বাচন অগ্রাধিকার
অতি জরুরি

# বাংলাদেশ নির্বাচন কমিশন
## নির্বাচন কমিশন সচিবালয়

নির্বাচন ভবন, আগারগাঁও, ঢাকা
www.ecs.gov.bd

নং-১৭.০০.০০০০.০৩৪.৩৬.০২৬.১৭-৫৫

তারিখঃ ২২ মাঘ ১৪২৪ / ০৪ ফেব্রুয়ারি ২০১৮

## পরিপত্র-১

**বিষয়: দশম জাতীয় সংসদের ২৪৩ ব্রাহ্মণবাড়িয়া-১ ও ২৯ গাইবান্ধা-১ নির্বাচনি এলাকার শূন্য আসনে নির্বাচন অনুষ্ঠানের লক্ষ্যে নির্বাচনি সময়সূচি সম্বলিত গণবিজ্ঞপ্তি জারি, প্রার্থীর যোগ্যতা-অযোগ্যতা, মনোনয়নপত্র দাখিল ও গ্রহণ ইত্যাদি**

উপর্যুক্ত বিষয়ে নির্দেশিত হয়ে জানানো যাচ্ছে যে, গণপ্রতিনিধিত্ব আদেশ, ১৯৭২ এর ১১(১) অনুচ্ছেদের ক্ষমতাবলে ১৬ ডিসেম্বর ২০১৭ তারিখ হতে শূন্য ঘোষিত দশম জাতীয় সংসদের ২৪৩ ব্রাহ্মণবাড়িয়া-১ এবং ১৯ ডিসেম্বর ২০১৭ তারিখ হতে শূন্য ঘোষিত ২৯ গাইবান্ধা-১ নির্বাচনি এলাকা হতে জাতীয় সংসদ সদস্য নির্বাচনের জন্য সংশ্লিষ্ট নির্বাচনি এলাকার ভোটারগণকে আহবান জানিয়ে নির্বাচন অনুষ্ঠানের জন্য নির্বাচন কমিশন নিম্নবর্ণিত সময়সূচি ঘোষণা করেছেন:

| | | | | |
|---|---|---|---|---|
| (ক) | রিটার্নিং অফিসার/সহকারি রিটার্নিং অফিসারের নিকট মনোনয়নপত্র দাখিলের শেষ তারিখ | : | ০২ ফাল্গুন ১৪২৪ / ১৪ ফেব্রুয়ারি ২০১৮ | (বুধবার) |
| (খ) | রিটার্নিং অফিসার কর্তৃক মনোনয়নপত্র বাছাইয়ের তারিখ | : | ০৪ ফাল্গুন ১৪২৪ / ১৬ ফেব্রুয়ারি ২০১৮ | (শুক্রবার) |
| (গ) | প্রার্থিতা প্রত্যাহারের শেষ তারিখ | : | ১১ ফাল্গুন ১৪২৪ / ২৩ ফেব্রুয়ারি ২০১৮ | (শুক্রবার) |
| **(ঘ)** | **ভোটগ্রহণের তারিখ** | : | **২৯ ফাল্গুন ১৪২৪ / ১৩ মার্চ ২০১৮** | **(মঙ্গলবার)** |

২। **সময়সূচির প্রজ্ঞাপন:** উল্লিখিত শূন্য আসনের নির্বাচন উপলক্ষে মাননীয় নির্বাচন কমিশন কর্তৃক ঘোষিত সময়সূচির প্রজ্ঞাপন এতদসঙ্গে প্রেরণ করা হল (সংলগ্নী-১)।

৩। **রিটার্নিং অফিসার, সহকারি রিটার্নিং অফিসার নিয়োগের প্রজ্ঞাপন:** শূন্য আসনের নির্বাচন অনুষ্ঠান পরিচালনার জন্য মাননীয় নির্বাচন কমিশন কর্তৃক রিটার্নিং অফিসার ও সহকারি রিটার্নিং অফিসার নিয়োগের প্রজ্ঞাপন এতদসঙ্গে প্রেরণ করা হলো (সংলগ্নী-২)।

৪। উল্লিখিত প্রসঙ্গে স্মর্তব্য যে, আইন অনুসারে রিটার্নিং অফিসারকে তার দায়িত্ব পালনের জন্য সহকারি রিটার্নিং অফিসার সহায়তা করবেন এবং নির্বাচন কমিশনের আদেশ/নির্দেশের আলোকে রিটার্নিং অফিসারের নিয়ন্ত্রণে থেকে ক্ষেত্র বিশেষ সহকারি রিটার্নিং অফিসার রিটার্নিং অফিসারেরও দায়িত্ব পালন করবেন। নির্বাচন পরিচালনার ক্ষেত্রে রিটার্নিং অফিসার আইন ও বিধিমালা অনুসারে নির্বাচন অনুষ্ঠান সুষ্ঠুভাবে পরিচালনার জন্য যেরূপ পদক্ষেপ গ্রহণ ও কার্যাবলি সম্পাদনের প্রয়োজন, তা সম্পাদনের জন্য দায়িত্ববান থাকবেন এবং পালন করবেন।

৫। **রিটার্নিং অফিসার ও সহকারি রিটার্নিং অফিসারের কার্যালয় প্রস্তুতকরণ:** সুষ্ঠুভাবে নির্বাচন পরিচালনার সুবিধার্থে রিটার্নিং অফিসার ও সহকারি রিটার্নিং অফিসার-কে স্ব স্ব কার্যালয়ে সার্বক্ষণিক অবস্থান করে নির্বাচন অনুষ্ঠান সম্পন্ন করতে হবে। সে লক্ষ্যে নিম্নরূপভাবে রিটার্নিং অফিসার ও সহকারি রিটার্নিং অফিসারের কার্যালয় নির্ধারণ করা হল:

| নির্বাচনি এলাকার নাম ও নম্বর | রিটার্নিং অফিসার ও তাঁর কার্যালয় | সহকারি রিটার্নিং অফিসার | সহকারি রিটার্নিং অফিসারদের অধিক্ষেত্র ও তাঁর কার্যালয় |
|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ |
| **২৪৩ ব্রাহ্মণবাড়িয়া-১** | আঞ্চলিক নির্বাচন কর্মকর্তা, কুমিল্লা অঞ্চল, কুমিল্লা<br>কার্যালয়: জেলা নির্বাচন অফিস, ব্রাহ্মণবাড়িয়া | জেলা নির্বাচন অফিসার, ব্রাহ্মণবাড়িয়া | নাসিরনগর উপজেলা<br>কার্যালয়: উপজেলা নির্বাচন অফিস, নাসিরনগর, ব্রাহ্মণবাড়িয়া |
| **২৯ গাইবান্ধা-১** | আঞ্চলিক নির্বাচন কর্মকর্তা, রংপুর অঞ্চল, রংপুর<br>কার্যালয়: জেলা নির্বাচন অফিস, গাইবান্ধা | জেলা নির্বাচন অফিসার, গাইবান্ধা | সুন্দরগঞ্জ উপজেলা<br>কার্যালয়: উপজেলা নির্বাচন অফিস, সুন্দরগঞ্জ,গাইবান্ধা |

৬। **সময়সূচি সংক্রান্ত গণবিজ্ঞপ্তি জারি:** গণপ্রতিনিধিত্ব আদেশ, ১৯৭২ এর অনুচ্ছেদ ১১ এর দফা (২) ও (৩) এর বিধান অনুযায়ী, নির্বাচন কমিশন সংসদ নির্বাচনের সময়সূচি ঘোষণার পর, যথাশীঘ্র সম্ভব, রিটার্নিং অফিসার তার আওতাভুক্ত নির্বাচনি এলাকার জন্য

পৃথক গণবিজ্ঞপ্তি জারি করবেন। উক্ত গণবিজ্ঞপ্তিতে নির্বাচন কমিশন কর্তৃক ঘোষিত সময়সূচির উল্লেখ থাকবে। এতদভিন্ন রিটার্নিং অফিসার/সহকারি রিটার্নিং অফিসারের নিকট মনোনয়নপত্র দাখিলের স্থান (জেলা পর্যায়ে রিটার্নিং অফিসারের কার্যালয় এবং উপজেলা পর্যায়ে সহকারি রিটার্নিং অফিসারের কার্যালয় সুনির্দিষ্টভাবে উল্লেখপূর্বক) ও সময় উল্লেখপূর্বক একই গণবিজ্ঞপ্তির মাধ্যমে মনোনয়নপত্র আহবান করতে হবে। এখানে উল্লেখ্য যে, মনোনয়নপত্র অফিস চলাকালীন সময় অর্থাৎ সকাল ০৯ টা হতে বিকাল ৫ টা পর্যন্ত গ্রহণ করতে হবে। গণবিজ্ঞপ্তির অনুলিপি সংশ্লিষ্ট নির্বাচনি এলাকার দর্শনীয় স্থানসমূহে টাঙ্গিয়ে দিবেন এবং আপনার ও আপনার অধীনস্থ সহকারি রিটার্নিং অফিসারের অফিসে টাঙ্গিয়ে জারি করার ব্যবস্থা গ্রহণ করবেন। গণ-বিজ্ঞপ্তির একটি নমুনা আপনার কাজের সুবিধার্থে এতদ্‌সঙ্গে প্রেরণ করা হলো (পরিশিষ্ট-ক)।

৭। **সরকারি ও সাপ্তাহিক ছুটির দিনে অফিসে উপস্থিত থেকে কার্যক্রম গ্রহণ:** মনোনয়নপত্র বাছাইয়ের দিন শুক্রবার হলেও প্রচলিত পদ্ধতি অনুযায়ী সকাল ৯.০০ ঘটিকা অথবা রিটার্নিং অফিসার কর্তৃক নির্ধারিত সময় হতে বাছাই সম্পন্ন না হওয়া পর্যন্ত কার্যক্রম অব্যাহত রাখতে হবে। তাছাড়া প্রার্থীতা প্রত্যাহারের শেষ দিনও শুক্রবার হওয়ায় ঐদিন বিকাল ৫.০০ টা পর্যন্ত প্রত্যাহারের আবেদন গ্রহণ করা যাবে। উল্লিখিত বিষয়সমূহ স্থানীয়ভাবে ব্যাপক প্রচারের ব্যবস্থা করতে হবে।

৮। **প্রার্থী হওয়ার যোগ্যতা ও প্রার্থী হওয়ার বা থাকার অযোগ্যতা সম্বলিত বিধানের উদ্ধৃতাংশ প্রেরণ:** জাতীয় সংসদ নির্বাচনে প্রার্থী হওয়ার যোগ্যতা এবং প্রার্থী হওয়ার বা থাকার অযোগ্যতা সম্বলিত বিধানের উদ্ধৃতাংশ এতদসংগে সংযুক্ত করা হল (পরিশিষ্ট-খ)। এখানে বিশেষভাবে উল্লেখ্য যে, জাতীয় সংসদ নির্বাচনে প্রার্থী হওয়ার যোগ্যতা-অযোগ্যতা সংশ্লিষ্ট সংবিধানের ৬৬(১)(২) অনুচ্ছেদ বাংলায় হুবহু দেয়া হয়েছে। গণপ্রতিনিধিত্ব আদেশ, ১৯৭২ এর সংশ্লিষ্ট অনুচ্ছেদ ইংরেজিতে হুবহু দেয়া হয়েছে।

৯। **ভোটার তালিকার সিডি ও মনোনয়নপত্র সংগ্রহ:** আগ্রহী প্রার্থীকে মনোনয়নপত্র গ্রহণের সময় নির্বাচনি এলাকার আওতাধীন পৌরসভার প্রতি ওয়ার্ডের জন্য ৫০০/- (পাঁচশত) টাকা এবং প্রতি ইউনিয়নের জন্য ৫০০/- (পাঁচশত) টাকা হারে ট্রেজারি চালান/পে-অর্ডারের মাধ্যমে টাকা জমা দিয়ে ছবিছাড়া ভোটার তালিকা সিডি রিটার্নিং অফিসার/সহকারি রিটার্নিং অফিসারের নিকট হতে সংগ্রহ করতে হবে। ট্রেজারি চালানের মাধ্যমে সিডি ক্রয়ের অর্থ জমাদানের কোড **"১-০৬০১-০০০১-২৬৩১"।**

১০। **ছবিসহ ও ছবিছাড়া ভোটার তালিকার সিডি ব্যবহার:** জাতীয় সংসদের ২৪৩ ব্রাহ্মণবাড়িয়া-১ ও ২৯ গাইবান্ধা-১ নির্বাচনি এলাকার শূন্য আসনের নির্বাচন সুষ্ঠুভাবে সম্পাদনের লক্ষ্যে ৩১ জানুয়ারি ২০১৮ তারিখে চূড়ান্তভাবে প্রকাশিত ও সর্বশেষ হালনাগাদকৃত ভোটার তালিকার সিডি (ছবিসহ এবং ছবিছাড়া) এ নির্বাচনে ব্যবহার করতে হবে। ভোটার তালিকার (ছবিসহ ও ছবিছাড়া) সিডি জাতীয় পরিচয় নিবন্ধন অনুবিভাগ থেকে সংগ্রহ করতে হবে।

১১। **ছবিসহ ভোটার তালিকার ব্যবহার:** জাতীয় সংসদের ২৪৩ ব্রাহ্মণবাড়িয়া-১ ও ২৯ গাইবান্ধা-১ নির্বাচনি এলাকার শূন্য আসনের নির্বাচনের ব্যবহারের লক্ষ্যে ৩১ জানুয়ারি ২০১৮ তারিখে চূড়ান্তভাবে প্রকাশিত ও সর্বশেষ হালনাগাদকৃত ভোটার তালিকা আর্থিক বিধি-বিধান অনুসরণ করে ০১(এক) সেট ছবিসহ ভোটার তালিকা লেজার প্রিন্টারে মুদ্রণ ও ০২(দুই) সেট ছবিসহ ভোটার তালিকা ফটোকপি করার জন্য সংশ্লিষ্ট রেজিস্ট্রেশন কর্মকর্তাকে নির্দেশনা প্রদান করা হয়েছে।

১২। **মনোনয়নপত্র দাখিল:** গণপ্রজাতন্ত্রী বাংলাদেশের সংবিধানের ৬৬ অনুচ্ছেদ এবং গণপ্রতিনিধিত্ব আদেশ, ১৯৭২ এর ১২ অনুচ্ছেদে বর্ণিত যোগ্য ব্যক্তিগণ ফরম-১ এর মাধ্যমে মনোনয়নপত্র দাখিল করবেন। মনোনয়নপত্রের সাথে সংযুক্ত কাগজপত্র ফরমের নমুনা অনুযায়ী যথাযথভাবে পূরণ করে দাখিল করতে হবে।

১৩। **মনোনয়নপত্র গ্রহণ:** যদি কোন প্রার্থী বা তার প্রস্তাবকারী অথবা তার সমর্থনকারী মনোনয়নপত্র দাখিলের শেষ দিন অথবা উক্ত শেষ দিনের পূর্ববর্তী কোন দিনে আপনার নিকট বা আপনার অধীনস্থ সহকারি রিটার্নিং অফিসারের নিকট মনোনয়নপত্র দাখিল করতে আসেন, তাহলে গণপ্রতিনিধিত্ব আদেশ, ১৯৭২ এর অনুচ্ছেদ ১১ এর দফা (১)(এ) এবং অনুচ্ছেদ ১২ এর দফা (৩) অনুযায়ী আপনি তা গ্রহণ করবেন এবং আপনার সহকারি রিটার্নিং অফিসারকেও গ্রহণ করার জন্য নির্দেশ প্রদান করবেন। মনোনয়নপত্র গ্রহণ করার সময় মনোনয়নপত্রের নির্ধারিত স্থানে ক্রমিক নম্বর প্রদান করতে হবে। এ লক্ষ্যে রিটার্নিং অফিসারের কার্যালয়ে গৃহীত মনোনয়নপত্রের ক্রমিক নম্বরের পূর্বে **রিঅ**- এবং সহকারি রিটার্নিং অফিসারের কার্যালয়ে গৃহীত মনোনয়নপত্রের ক্রমিক নম্বরের পূর্বে **সরিঅ**- প্রদান করলে সহজেই চিহ্নিত করা যাবে। একজন প্রার্থী একাধিক মনোনয়নপত্র এক স্থানে জমা দিলে সেক্ষেত্রে প্রথমে একটি পূর্ণ নম্বর প্রদান করে অন্যান্য কপিতে বন্ধনীতে (ক), (খ) অথবা (১), (২) ইত্যাদি প্রদান করা যেতে পারে।

১৪। **প্রস্তাবকারী-সমর্থনকারীদের যোগ্যতা ও করণীয়:** গণপ্রতিনিধিত্ব আদেশ, ১৯৭২ এর ১২ অনুচ্ছেদের (১) দফা অনুযায়ী কোন নির্বাচনি এলাকার যেকোন ভোটার উক্ত এলাকার সংসদ সদস্য নির্বাচনের জন্য সংবিধানের ৬৬ অনুচ্ছেদের যোগ্যতাসম্পন্ন যেকোন ব্যক্তির নাম প্রস্তাব বা সমর্থন করতে পারবেন। আদেশের ১২ অনুচ্ছেদের (২) দফা অনুসারে নির্ধারিত মনোনয়নপত্র (ফরম-১) এ প্রত্যেক প্রস্তাব পৃথক পৃথক মনোনয়নপত্রের মাধ্যমে করতে হবে। প্রতিটি মনোনয়নপত্র প্রস্তাবকারী ও সমর্থনকারী কর্তৃক স্বাক্ষরিত হতে হবে এবং তাতে নিম্নবর্ণিত বিষয়সমূহের উল্লেখ থাকতে হবে, যথাঃ-

(ক) প্রার্থী কর্তৃক স্বাক্ষরিত এই মর্মে একটি ঘোষণা যে, তিনি মনোনয়নে সম্মতি প্রদান করেছেন এবং তার সদস্য নির্বাচিত হবার বা সদস্য থাকার বিপক্ষে কোন অযোগ্যতা নাই;

(খ) প্রস্তাবকারী ও সমর্থনকারী কর্তৃক এই মর্মে একটি ঘোষণা যে, তাদের কেউ প্রস্তাবকারী বা সমর্থনকারী হিসাবে অন্য কোন মনোনয়নপত্রে স্বাক্ষর দান করেন নাই।

১৫। **জামানত:** আদেশের ১৩ অনুচ্ছেদ অনুসারে মনোনয়নপত্র দাখিলের সময় প্রার্থী স্বয়ং কিংবা প্রার্থীর পক্ষে বিধিতে বর্ণিত ব্যক্তিদের মাধ্যমে জামানত হিসেবে নগদ বা ব্যাংক ড্রাফট বা পে-অর্ডার বা ট্রেজারি চালানের মাধ্যমে **২০,০০০/-** (বিশ হাজার) টাকা মনোনয়নপত্রের সাথে রিটার্নিং অফিসার/সহকারি রিটার্নিং অফিসারের নিকট জমা দিতে হবে।

১৬। **জামানতের অর্থ জমা দেয়ার কোড:** জামানত বাংলাদেশ ব্যাংকের যে কোন শাখায় অথবা যে কোন ব্যাংক অথবা সরকারি ট্রেজারি অথবা সাব-ট্রেজারিতে **১/০৬০১/০০০১/৮৪৭৩** নম্বর কোডে জমা দিতে হবে। সংশ্লিষ্ট নির্বাচনি এলাকায় প্রার্থীর অনুকূলে একাধিক মনোনয়নপত্র দাখিল হলে সে প্রার্থীর অনুকূলে শুধু একটি মাত্র জামানত প্রদান করতে হবে। অন্য মনোনয়নপত্রের সাথে চালান/রসিদ এর সত্যায়িত অনুলিপি প্রদান করতে হবে। নগদ হিসাবে প্রাপ্ত জামানতের টাকা রিটার্নিং অফিসার অথবা সহকারি রিটার্নিং অফিসার ফরম-৩ এ নির্ধারিত রসিদের মাধ্যমে গ্রহণ করবেন এবং নগদে অথবা ব্যাংক রসিদ অথবা ট্রেজারি চালান মারফত প্রাপ্ত জামানতের হিসাব বিবরণী রিটার্নিং অফিসারকে ফরম-২ এ নির্ধারিত রেজিস্টারে সন্নিবেশিত করতে হবে। তাছাড়া রিটার্নিং অফিসারকে নগদে প্রাপ্ত অর্থ উল্লিখিত কোড নম্বরে সরকারি খাতে জমা দিতে হবে। এখানে উল্লেখ্য যে, জামানত বাবদ **২০,০০০/-** (বিশ হাজার) টাকা ব্যতীত মনোনয়নপত্র দাখিলকারী/প্রার্থীর নিকট হতে অন্য কোন রকমভাবে অতিরিক্ত কোন অর্থ আদায় করা যাবে না।

১৭। **মনোনয়নপত্র প্রাপ্তির সময় লিপিবদ্ধকরণ এবং প্রাপ্তি রসিদ প্রদানসহ বাছাইয়ের তারিখ অবহিতকরণ:** রিটার্নিং অফিসার প্রাপ্ত প্রত্যেক মনোনয়নপত্রে ক্রমিক নম্বর দিবেন, মনোনয়নপত্রে দাখিলকারীর নাম, মনোনয়নপত্র প্রাপ্তির তারিখ ও সময় লিপিবদ্ধ করবেন এবং রিটার্নিং অফিসার কখন, কোন তারিখে ও কোথায় মনোনয়নপত্র বাছাই করবেন তা সংশ্লিষ্ট মনোনয়নপত্র দাখিলকারীকে অবহিত করবেন ও মনোনয়নপত্র প্রাপ্তির রসিদ মনোনয়নপত্র দাখিলকারীর নিকট হস্তান্তর করবেন। উল্লেখ্য যে, প্রাপ্তি রসিদটি মনোনয়নপত্রের সংগে সংযোজিত আছে। সহকারি রিটার্নিং অফিসারের নিকট যে মনোনয়নপত্র দাখিল হবে সেক্ষেত্রেও সহকারি রিটার্নিং অফিসার অনুরূপভাবে প্রত্যেক মনোনয়নপত্রে ক্রমিক নম্বর দিবেন, মনোনয়নপত্রে মনোনয়নপত্র দাখিলকারীর নাম, মনোনয়নপত্র প্রাপ্তির তারিখ ও সময় লিপিবদ্ধ করে মনোনয়নপত্র প্রাপ্তি রসিদ মনোনয়নপত্র দাখিলকারীর নিকট হস্তান্তর করবেন। মনোনয়নপত্র দাখিলকারীকে রিটার্নিং অফিসার, কখন, কোন তারিখে এবং কোথায় মনোনয়নপত্র বাছাই করবেন তাও জানিয়ে দিবেন। তাছাড়া, সংশ্লিষ্ট সহকারি রিটার্নিং অফিসার তার নিকট দাখিলকৃত মনোনয়নপত্রসমূহ মনোনয়নপত্র দাখিলের সময়-সীমা আগামী ১৪ ফেব্রুয়ারি ২০১৮ তারিখ বিকাল ৫.০০ ঘটিকা উত্তীর্ণ হওয়ার পর ঐ দিনই সতর্কতার সাথে রিটার্নিং অফিসারের নিকট প্রেরণ করবেন।

১৮। **মনোনয়নপত্র গ্রহণ বা বাতিল আদেশের বিরুদ্ধে আপিল:** গণপ্রতিনিধিত্ব আদেশ-এর ১৪ অনুচ্ছেদের (৫) দফা অনুসারে মনোনয়নপত্র বাছাইঅন্তে রিটার্নিং অফিসার কর্তৃক প্রদত্ত যে কোন সিদ্ধান্তে কোন প্রার্থী বা কোন ব্যাংক সংক্ষুব্ধ হলে মনোনয়নপত্র বাছাইয়ের পরবর্তী ৩(তিন) দিনের মধ্যে অর্থাৎ ১৭ ফেব্রুয়ারি ২০১৮ হতে ১৯ ফেব্রুয়ারি ২০১৮ তারিখের মধ্যে আপিল দায়ের করতে পারবেন। দায়েরকৃত আপীল আবেদনসমূহ ২০ ফেব্রুয়ারি ২০১৮ হতে ২২ ফেব্রুয়ারি ২০১৮ তারিখের মধ্যে নিষ্পন্ন করা হবে। উল্লেখ্য যে, আপিল দায়েরের নির্ধারিত তারিখে সকাল ৯.০০ ঘটিকা হতে বিকাল ৫.০০ ঘটিকা সময়ের মধ্যে আপিল দায়ের করা যাবে।

১৯। **দশম জাতীয় সংসদ নির্বাচন উপলক্ষে জারিকৃত নির্দেশনার আলোকে ব্যবস্থা গ্রহণ:** দশম জাতীয় সংসদ নির্বাচন উপলক্ষে নির্বাচন পরিচালনার লক্ষ্যে নির্বাচন কমিশন হতে বিভিন্ন পরিপত্র ও পত্রের নির্দেশনা জারি করা হয়েছে। তাছাড়া জাতীয় সংসদ নির্বাচন পরিচালনা ম্যানুয়েলে এবং পরবর্তীতে তা সংশোধনী ও স্পষ্টীকরণের মাধ্যমে বিভিন্ন নির্দেশনা দেয়া হয়েছে। নির্ধারিত সময়সূচির সাথে সঙ্গতি রেখে ও বিভিন্ন সময়সীমার সাথে সমন্বয়পূর্বক উল্লিখিত শূন্য আসনের নির্বাচন সংশ্লিষ্ট সকল কার্যক্রম জারিকৃত নির্দেশনা অনুসারে সম্পন্ন করতে হবে।

সংলগ্নীঃ বর্ণনা মোতাবেক

(ফরহাদ আহাম্মদ খান)
যুগ্মসচিব (চলতি দায়িত্ব)
নির্বাচন পরিচালনা-২ অধিশাখা
ফোন: ৫৫০০৭৫২৫ (অফিস)
০১৭১৫০০০৭৪৯ (মোবাইল)
E-mail: forhadakecs2015@gmail.com

১। আঞ্চলিক নির্বাচন কর্মকর্তা
কুমিল্লা অঞ্চল, কুমিল্লা ও রিটার্নিং অফিসার

২। আঞ্চলিক নির্বাচন কর্মকর্তা
রংপুর অঞ্চল, রংপুর ও রিটার্নিং অফিসার

নং-১৭.০০.০০০০.০৩৪.৩৬.০২৬.১৭-৫৫

তারিখঃ ২২ মাঘ ১৪২৪
০৪ ফেব্রুয়ারি ২০১৮

অনুলিপি অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হইল (জ্যেষ্ঠতার ভিত্তিতে নহে):

১. মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়/মুখ্য সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়, তেজগাঁও, ঢাকা
২. সিনিয়র সচিব, জনপ্রশাসন মন্ত্রণালয়/আর্থিক প্রতিষ্ঠান বিভাগ,অর্থ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
৩. মহাপুলিশ পরিদর্শক, বাংলাদেশ, পুলিশ হেডকোয়ার্টার্স, ঢাকা
৪. সচিব, জনবিভাগ, রাষ্ট্রপতির কার্যালয়, বঙ্গভবন, ঢাকা
৫. সচিব/ভারপ্রাপ্ত সচিব, স্থানীয় সরকার বিভাগ, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়/ জননিরাপত্তা বিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রণালয়/ সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ, সড়ক পরিবহন ও সেতু মন্ত্রণালয়/তথ্য মন্ত্রণালয়/ মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ এবং কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়/অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়/ নৌ-পরিবহণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
৬. মহাপরিচালক, বিজিবি/আনসার ও ভিডিপি/র‍্যাপিড এ্যাকশন ব্যাটালিয়ন (র‍্যাব), ঢাকা
৭. অতিরিক্ত সচিব, নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা
৮. বিভাগীয় কমিশনার, ........................ (সংশ্লিষ্ট)
৯. উপমহাপুলিশ পরিদর্শক, ........................ (সংশ্লিষ্ট রেঞ্জ)
১০. যুগ্মসচিব (সকল), নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা
১১. মহাপরিচালক, জাতীয় পরিচয় নিবন্ধন অনুবিভাগ, নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা
১২. মহাপরিচালক, নির্বাচনি প্রশিক্ষণ ইনস্টিটিউট, ঢাকা
১৩. সিস্টেম ম্যানেজার, নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা [নির্বাচন কমিশন সচিবালয়ের ওয়েব সাইটে প্রকাশের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের অনুরোধসহ]
১৪. জেলা প্রশাসক, ব্রাহ্মণবাড়িয়া/গাইবান্ধা
১৫. পুলিশ সুপার, ব্রাহ্মণবাড়িয়া/গাইবান্ধা
১৬. উপসচিব (সকল), নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা
১৭. পরিচালক (জনসংযোগ), নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা [এ বিষয়ে একটি সংবাদ বিজ্ঞপ্তি জারি করিবার অনুরোধসহ]
১৮. জেলা নির্বাচন কর্মকর্তা, ........................ (সংশ্লিষ্ট) ও সহকারি রিটার্নিং অফিসার
১৯. জেলা কমান্ড্যান্ট, আনসার ও ভিডিপি, ব্রাহ্মণবাড়িয়া/গাইবান্ধা
২০. উপজেলা নির্বাহী অফিসার, ........................ (সংশ্লিষ্ট)
২১. জেলা তথ্য অফিসার, ব্রাহ্মণবাড়িয়া/গাইবান্ধা
২২. একান্ত সচিব, মাননীয় প্রধান নির্বাচন কমিশনার, নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা (মাননীয় প্রধান নির্বাচন কমিশনারের সদয় অবগতির জন্য)
২৩. একান্ত সচিব, মাননীয় নির্বাচন কমিশনার জনাব ................................................, নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা (মাননীয় নির্বাচন কমিশনারের সদয় অবগতির জন্য)
২৪. সচিব মহোদয়ের একান্ত সচিব, নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা (সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)
২৫. সিনিয়র সহকারি সচিব/সহকারি সচিব (জনবল ব্যবস্থাপনা-১/বাজেট ও অর্থ/নির্বাচন প্রশাসন/নির্বাচন সহায়তা-১ ও ২/ ক্রয় ও মুদ্রণ শাখা), নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা
২৬. উপজেলা নির্বাচন অফিসার, ........................ (সংশ্লিষ্ট)
২৭. ভারপ্রাপ্ত কর্মকর্তা, ........................ (সংশ্লিষ্ট) থানা

08.02.2018

**(মোঃ রাজীব আহসান )**
সহকারি সচিব
নির্বাচন ব্যবস্থাপনা ও সমন্বয় শাখা-১
ফোন ও ফ্যাক্স: ০২-৫৫০০৭৫৫৮
মোবাইল: ০১৫৫০০৪২০৮১
E-mail: rajib_as_ecs@yahoo.com

**পরিশিষ্ট-ক**

# রিটার্নিং অফিসারের কার্যালয়

## গণ-বিজ্ঞপ্তি

গণপ্রতিনিধিত্ব আদেশ, ১৯৭২ এর ১১ অনুচ্ছেদের (২) দফা অনুসারে আমি ............................................

.........................................................................................................................................

**(নাম ও পদবি)**

ও রিটার্নিং অফিসার এতদ্দ্বারা সর্ব সাধারণের অবগতির জন্য জানাইতেছি যে, ............................. নির্বাচনি এলাকা হইতে জাতীয় সংসদের শূন্য আসন পূরণ করিবার উদ্দেশ্যে নির্বাচন কমিশন ২২ মাঘ ১৪২৪/ ০৪ ফেব্রুয়ারি ২০১৮ তারিখে প্রজ্ঞাপনের মাধ্যমে .............................নির্বাচনি এলাকার ভোটারগণকে উক্ত নির্বাচনি এলাকা হইতে একজন জাতীয় সংসদ সদস্য নির্বাচনের জন্য নিম্নলিখিত সময়সূচি ঘোষণা করিয়াছেনঃ

| | | | | |
|---|---|---|---|---|
| (ক) | রিটার্নিং অফিসার/সহকারি রিটার্নিং অফিসারের নিকট মনোনয়নপত্র দাখিলের শেষ তারিখ | : | ০২ ফাল্গুন ১৪২৪<br>১৪ ফেব্রুয়ারি ২০১৮ | (বুধবার) |
| (খ) | রিটার্নিং অফিসার কর্তৃক মনোনয়নপত্র বাছাইয়ের তারিখ | : | ০৪ ফাল্গুন ১৪২৪<br>১৬ ফেব্রুয়ারি ২০১৮ | (শুক্রবার) |
| (গ) | প্রার্থিতা প্রত্যাহারের শেষ তারিখ | : | ১১ ফাল্গুন ১৪২৪<br>২৩ ফেব্রুয়ারি ২০১৮ | (শুক্রবার) |
| **(ঘ)** | **ভোটগ্রহণের তারিখ** | : | **২৯ ফাল্গুন ১৪২৪**<br>**১৩ মার্চ ২০১৮** | **(মঙ্গলবার)** |

২। পূর্বোল্লিখিত আদেশের ১১ অনুচ্ছেদের (৩) দফা অনুসারে .............................নির্বাচনি এলাকার সকল বাসিন্দাদের জ্ঞাতার্থে আমি আরও জানাইতেছি যে, আগামী ০২ ফাল্গুন ১৪২৪/১৪ ফেব্রুয়ারি ২০১৮তারিখ অথবা উক্ত দিনের পূর্ববর্তী কোন দিনে সকাল ০৯.০০ ঘটিকা হইতে বিকাল ০৫.০০ ঘটিকা পর্যন্ত উল্লিখিত নির্বাচনি এলাকা হইতে সংসদ নির্বাচনে অংশগ্রহণ করিবার জন্য ইচ্ছুক প্রার্থীদের নিকট হইতে আমার কার্যালয়.....................................................এ

**(কার্যালয়ের নাম ও ঠিকানা)**

এবং সহকারি রিটার্নিং অফিসারের কার্যালয় ..........................................................................এ মনোনয়নপত্র

**(কার্যালয়ের নাম ও ঠিকানা)**

গৃহীত হইবে।

৩। উল্লেখ্য যে, প্রার্থীতা প্রত্যাহারের শেষ তারিখ ২৩ ফেব্রুয়ারি ২০১৮ শুক্রবার হওয়ায় ঐ দিন বিকাল ৫.০০ ঘটিকা পর্যন্ত প্রত্যাহারের আবেদন গ্রহণ করা হইবে।

তারিখ: [ ][ ] দিন [ ][ ] মাস [২][০][১][৮] বৎসর

রিটার্নিং অফিসারের নাম, পদবি ও স্বাক্ষর

**নির্বাচনি এলাকার নম্বর ও নাম**

\\150.1.190.50\Share\30101980\00000000\By election Parliament\Circular-1.doc